# ইসলাম শিক্ষা

ঈমান, আদাব ও তারবিয়াহ, ফিকহ, আয়াত ও হাদিস, ইসলামী ইতিহাস

## প্রথম ভাগ


সংকলক
এস. এম. নাহিদ হাসান

সম্পাদক
মাওলানা মুঈনুল ইসলাম


AL QURANER VASHA INSTITUTE
Short PDF


AL-QURANER VASHA INSTITUTE

Al Quraner Vasha Institute
Block DHA, Mirpur 12, Dhaka
www.alquranervasha.com
+8801712529298

ইসলাম শিক্ষা (প্রথম ভাগ)
এস. এম. নাহিদ হাসান

প্রকাশক: এস. এম. নাহিদ হাসান
ইমেইল- nahidce03@gmail.com
যোগাযোগ: +8801712-529298
ঠিকানা: রোড-৫, ব্লক-ধ, মিরপুর ১২

প্রথম প্রকাশ: রজব- ১৪৪৬ হিজরি। জানুয়ারী- ২০২৫
প্রথম সংস্করণ: রজব- ১৪৪৬ হিজরি। জানুয়ারী- ২০২৫
স্বত্ব: লেখক

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

সর্বস্বত্ব সংরক্ষিত। প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত বইটির কোনো অংশ যেকোনো উপায়েই ইলেক্ট্রনিক বা প্রিন্ট মিডিয়ায় পুনঃপ্রকাশ সম্পূর্ণ নিষিদ্ধ। স্ক্যান করে ইন্টারনেটে আপলোড করা বা ফটোকপি বা অন্য কোনো উপায়ে প্রিন্ট করা অবৈধ এবং আইনত দণ্ডনীয়। বইটির অনুমোদিত সংস্করণ কিনুন। কপিরাইটকৃত বই বেআইনিভাবে কিনে পাইরেসিকে উৎসাহিত করবেন না। ধন্যবাদ।

ISBN: 978-984-8046-34-1
নির্ধারিত মূল্য: ১৯০ টাকা

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

সকল প্রশংসা মহান আল্লাহর এবং সালাত ও সালাম তাঁর রাসূলের প্রতি।

আমাদের 'ইসলাম শিক্ষা' সিরিজটি শিশু থেকে কিশোর বয়সের শিক্ষার্থীদের ইসলাম সম্পর্কে সঠিক জ্ঞান শিক্ষা দেওয়ার লক্ষ্যে রচিত। প্রথম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত এই সিরিজটিতে ইমান, আদাব-তারবিয়াহ, মাসনুন দু'আ, ফিকহ, হিফজুল কুরআন, হিফজুল হাদিস, নবীদের জীবনী ও ইসলামী ইতিহাস ইত্যাদি বিষয়গুলো খুব সহজ ও সরল ভাষায় উপস্থাপন করা হয়েছে। শিশু ও কিশোর বয়সের শিক্ষার্থীরা যাতে সহজে বুঝতে পারে, সেজন্য প্রতিটি বিষয়ের সাথে চিত্র ও উদাহরণ দেওয়া হয়েছে।

এই 'ইসলাম শিক্ষা' সিরিজে শিশুদের ধর্মীয় শিক্ষা, নৈতিকতা এবং চরিত্র গঠনের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এই সিরিজের মাধ্যমে শিক্ষার্থীরা ইসলামের মৌলিক বিষয়গুলো সম্পর্কে গভীর ধারণা অর্জন করবে এবং তাদের আচার-আচরণে ইসলামী আদর্শ বাস্তবায়ন করতে সক্ষম হবে, ইনশাআল্লাহ।

আমরা আশা করি, এই সিরিজটি শিক্ষার্থীদের মধ্যে ইসলামের প্রতি আগ্রহ ও ভালোবাসা তৈরি করবে এবং তাদের সঠিকভাবে গড়ে তুলবে। ইসলামী শিক্ষার মাধ্যমে তারা তাদের সামাজিক ও ব্যক্তিগত জীবনে সঠিক সিদ্ধান্ত গ্রহণে সক্ষম হবে। আমাদের এই প্রচেষ্টা কেবল শিক্ষার জন্য নয়, বরং ভবিষ্যৎ মুসলিম সমাজ ও রাষ্ট্র গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

সংকলক
এস. এম. নাহিদ হাসান

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

# সূচিপত্র

১. ঈমান ........ 6
১.১- ঈমান ........ 7
১.২- আল্লাহর উপর ঈমান ........ 8
১.৩- ফেরেশতাদের উপর ঈমান ........ 9
১.৪- কিতাবের উপর ঈমান ........ 10
১.৫- নবী ও রাসূলের উপর ঈমান ........ 11
১.৬- আখিরাতের উপর ঈমান ........ 12
১.৭- তাকদীরের উপর ঈমান ........ 13
অনুশীলনী-১ ........ 15

২. আদাব ও তারবিয়াহ ........ 16
২.১- কথা বলার আদাব সমূহ ........ 17
২.২- খাওয়ার আদাব সমূহ ........ 18
২.৩- টয়লেটের আদাব সমূহ ........ 19
২.৪- ঘর থেকে বের হওয়া ও ঘরে প্রবেশের আদাব সমূহ ........ 20
২.৫- পিতামাতার প্রতি সন্তানের দায়িত্ব ........ 21
২.৬- বিশেষ বিশেষ ক্ষেত্রে মাসনূন দু'আ ........ 22
অনুশীলনী-২ ........ 23

৩. ফিকহ ........ 24
৩.১- তাহারাত বা পবিত্রতা ........ 25
৩.২- অজু করার পদ্ধতি ........ 26
৩.৩- সালাত (নামাজ) ........ 28
৩.৪- ছানা, তাশাহুদ, দরূদ শরীফ, দু'আ মাসূরা ও কুনূত ........ 30
৩.৫- সালাত (নামাজ) আদায় করার পদ্ধতি ........ 31
অনুশীলনী-৩ ........ 35

৪. হিফজুল কুরআন ........ 36
৪.১- হিফজুল কুরআন ........ 37
৪.২- কুরআনুল কারীমের উপদেশ ........ 39
অনুশীলনী-৪ ........ 45

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

৫. হিফজুল হাদিস ....................................................46
অনুশীলনী-৫....................................................53
৬. ইসলামী ইতিহাস ....................................................54
৬.১- আদাম আলাইহিস সালাম ....................................................56
৬.২- নূহ আলাইহিস সালাম....................................................58
৬.১- ইদরীস আলাইহিস সালাম....................................................61
৬.৩- হূদ আলাইহিস সালাম....................................................63
৬.৪- সালীহ আলাইহিস সালাম....................................................66
অনুশীলনী-৬....................................................71

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

# ১. ঈমান

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

# ১.১- ঈমান



الإِيْمَانُ (ঈমান) শব্দের অর্থ: বিশ্বাস করা।

ঈমান হলো আল্লাহর দেওয়া বিধানসমূহ অন্তরে বিশ্বাস করা, মুখ দিয়ে বলা এবং কাজে বাস্তবায়ন করা। ঈমান আনুগত্যের কারণে বেড়ে যায়, এবং পাপের কারণে কমে যায়।

## أَرْكَانُ الْإِيْمَانِ (ঈমানের ভিত্তিসমূহ)

১. আল্লাহকে একক মা'বূদ হিসেবে বিশ্বাস করা।

২. আল্লাহর ফেরেশতাদেরকে বিশ্বাস করা।

৩. সমস্ত আসমানী কিতাবগুলোকে বিশ্বাস করা।

৪. সকল নবী ও রাসূলগণকে বিশ্বাস করা।

৫. আখিরাত বা পরকালে বিশ্বাস করা।

৬. তাকদীরের ভালো-মন্দের উপর বিশ্বাস করা।

AL QURANER VASHA INSTITUTE Short PDF

## ১.৫- নবী ও রাসূলের উপর ঈমান



আল্লাহ মানুষের কাছে নবী-রাসূল পাঠিয়েছেন। তাঁরা মানুষকে শেখান: কীভাবে আল্লাহর ইবাদত করতে হবে। নবী-রাসূলরাও মানুষ, তাঁরা মানুষের মাঝে শ্রেষ্ঠ মানুষ। তাঁরা উত্তম চরিত্রের অধিকারী, বিশ্বস্ত। আল্লাহর বাণী তাঁরা ঠিক ঠিক মানুষের কাছে পৌঁছে দেন। আল্লাহ অনেক নবী পাঠিয়েছেন- আদম, নূহ, ইব্রাহীম, মূসা, ঈসা, মুহাম্মাদ আলাইহিমুস সালাম এবং আরো অনেক নবী। সর্বশ্রেষ্ঠ ও সর্বশেষ নবী হলেন মুহাম্মাদ (সা.)। আমাদেরকে তাঁর কথা মেনে চলতে হবে। যারা তাঁর কথা মেনে চলবে, তারা জান্নাতে প্রবেশ করবে। যারা তাঁর কথা শুনবে না, তারা জাহান্নামে প্রবেশ করবে।

AL QURANER VASHA INSTITUTE Short PDF

# অনুশীলনী-১

## ক। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

১- ঈমান শব্দের অর্থ কী? ঈমান কাকে বলে?

২- ঈমানের ভিত্তিসমূহ কয়টি ও কী কী?

৩- আল্লাহর উপর ঈমান বলতে কী বোঝায়?

৪- নবী ও রাসূলের উপর ঈমান বলতে কী বোঝায়?

৫- তাকদীরের উপর ঈমান বলতে কী বোঝায়?

৬- ইসলামের ভিত্তি কয়টি ও কী কী?

## খ। সঠিক উত্তর নির্ণয় করো:

১- ফেরেশতা কীসের তৈরি?

(ক) মাটির তৈরি (খ) আগুনের তৈরি (গ) আলোর তৈরি।

২- কোন ফেরেশতা নবী-রাসূলদের কাছে আল্লাহর বাণী নিয়ে আসতেন?

(ক) ইসরাফীল (খ) মিকাঈল (গ) জিবরীল।

৩- আল্লাহ মূসা নবীর ওপর কোন কিতাব নাযিল করেছেন?

(ক) ইনজীল (খ) তাওরাত (গ) যাবূর।

৪- আল্লাহ কুরআন কোন নবীর ওপর নাযিল করেছেন?

(ক) ঈসা (আ.) (খ) দাঊদ (আ.) (গ) মুহাম্মাদ (সা.)।

৫- কে সর্বশ্রেষ্ঠ ও সর্বশেষ নবী?

(ক) আদম (আ.) (খ) মুহাম্মাদ (সা.) (গ) ইব্রাহীম (আ.)।

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

# ২. আদাব ও তারবিয়াহ

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

# ২.২- খাওয়ার আদাব সমূহ



১. দস্তরখান বিছানো।

২. খাওয়ার আগে এবং পরে হাত ধোয়া।

৩. খাবারের শুরুতে بِسْمِ الله এবং শেষে اَلْحَمْدُ لله বলা।

৪. ডান হাতে খাওয়া এবং নিজের সামনে থেকে খাওয়া শুরু করা।

৫. বসে খাবার খাওয়া। শুয়ে, দাঁড়িয়ে বা হেলান দিয়ে খাবার না খাওয়া।

৬. খাবারের দোষ ত্রুটি না ধরা এবং খাবার নষ্ট কিংবা অপচয় না করা।

৭. পেট খালি রেখে খাবার শেষ করা।

৮. যদি খাবার পড়ে যায় তাহলে তা তুলে পরিষ্কার করে খাওয়া।

৯. থালা ও আঙুল চেটে খাওয়া।



AL QURANER VASHA INSTITUTE
Short PDF

# ২.৫- পিতামাতার প্রতি সন্তানের দায়িত্ব



AL QURANER VASHA INSTITUTE Short PDF

১. পিতামাতার সাথে ভালো ব্যবহার করা।

২. তাঁদের সেবা যত্ন করা।

৩. পিতামাতার সাথে নিচু আওয়াজে কথা বলা।

৪. তাঁদেরকে সম্মান করা এবং তাদের আদেশ-নিষেধ মেনে চলা।

৫. পিতামাতার জন্য দু'আ করা এবং তাঁদের কাছ থেকে দু'আ নেওয়া।

৬. পিতামাতাকে কষ্ট না দেওয়া এবং তাদের কাজে সহযোগিতা করা।

৭. তাঁদের জন্য খরচ করা।

# ২.৬- বিশেষ বিশেষ ক্ষেত্রে মাসনূন দু'আ



১. কারো সাথে দেখা হলে তাকে সালাম দেয়া: السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ

২. সালামের উত্তরে বলা: وَعَلَيْكُمُ السَّلَامُ وَرَحْمَةُ اللهِ

৩. যেকোন কাজের শুরুতে বলা: بِسْمِ اللهِ

৪. এবং কাজের শেষে বলা: الْحَمْدُ لِلهِ

৫. কেউ কোনো উপকার করলে বলা: جَزَاكَ اللهُ خَيْرًا

৬. ভবিষ্যতে কোনো কাজ করতে চাইলে বলা: إِنْ شَاءَ اللهُ

৭. খারাপ কিছু দেখলে বা শুনলে বলা: أَسْتَغْفِرُ اللهَ

৮. হাঁচি দিয়ে বলা: الْحَمْدُ لِلهِ

৯. অন্য কেউ হাঁচি দিলে বলা: يَرْحَمُكَ اللهُ

১০. ভাল কিছু দেখলে বলা: مَا شَاءَ اللهُ

AL QURANER VASHA INSTITUTE Short PDF

# ৩. ফিকহ

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

# ৩.১- তাহারাত বা পবিত্রতা



পবিত্রতা হল ইসলামের একটি অত্যাবশ্যক অংশ। সালাতের (নামাজের) আবশ্যক পূর্বশর্ত হল তাহারাত বা পবিত্রতা অর্জন করা।



AL QURANER VASHA INSTITUTE Short PDF

# ৩.২- অজু করার পদ্ধতি

*অজুর বিবরণ দিয়ে অজু শিখানো সম্ভব না, তাই সম্মানিত উস্তাযকে অজুর পদ্ধতিগুলো প্রয়োগের মাধ্যমে শিক্ষার্থীদেরকে শিখিয়ে দেওয়ার অনুরোধ করা হল*



যখন আমরা অজুর করার নিয়ত (ইচ্ছা) করব

তখন আমরা প্রথমে পরিষ্কার পরিচ্ছন্ন পানি নিয়ে পবিত্র জায়গায় বসব এবং অজুর শুরুতে بِسْمِ اللهِ বলে নিচের পদ্ধতিগুলোর মাধ্যমে অজু করব।



১। দুই হাতের কব্জি ধুবো।



২। তিনবার কুলি করব।

AL QURANER VASHA INSTITUTE Short PDF

প্রত্যেক মুসলমান নারী-পুরুষের উপর প্রতিদিন পাঁচ ওয়াক্ত সালাত আদায় করা ফরয। যেমন:



১। ফজর



২। যোহর



৩। আসর



৪। মাগরিব



৫। ঈশা

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

## সালাতের (নামাজের) রাকাতের সংখ্যা:

**ফজর ৪ রাকাত**
২ রাকাত সুন্নাত,
২ রাকাত ফরয।

**যুহর ১০ রাকাত**
৪ রাকাত সুন্নাত,
৪ রাকাত ফরয,
২ রাকাত সুন্নাত।

**আসর ৪ রাকাত**
৪ রাকাত ফরয।

**মাগরিব ৫ রাকাত**
৩ রাকাত ফরয,
২ রাকাত সুন্নাত।

**ঈশা ৯ রাকাত**
৪ রাকাত ফরয,
২ রাকাত সুন্নাত,
৩ রাকাত বিতর।

## ৩.৫- সালাত (নামাজ) আদায় করার পদ্ধতি

*সালাতের বিবরণ দিয়ে সালাত শিখানো সম্ভব না, তাই সম্মানিত উস্তাযদেরকে সালাতের পদ্ধতিগুলো প্রয়োগের মাধ্যমে শিক্ষার্থীদের শিখিয়ে দেওয়ার অনুরোধ করা হল।*



১। **নিয়ত:** প্রথমে পবিত্র স্থানে দাঁড়িয়ে কিবলার দিকে মুখ করব এবং মনে মনে সালাতের নিয়ত করব।

AL QURANER VASHA INSTITUTE
Short PDF



৫। তারপর سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَه বলে রুকু থেকে সোজা হয়ে দাঁড়িয়ে কিছুক্ষণ অপেক্ষা করব, এবং رَبَّنَا لَكَ الْحَمْدُ বলব।



৬। **প্রথম সাজদাহ:** اللهُ أَكْبَر বলে সাজদাহ করবো এবং সাজদায় কপাল, নাক, দুই হাতের তালু, দুই হাঁটু ও দু পায়ের আঙুল মাটিতে রাখব এবং سُبْحَانَ رَبِّيَ الْأَعْلَى তিনবার বলব।



৭। এরপরে اللهُ أَكْبَر বলে সাজদাহ থেকে উঠে পিঠ সোজা করে দুই হাত হাঁটুতে রেখে অল্প কিছুক্ষণ বসব।

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

# অনুশীলনী-৩

## ক। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

১- অজুর পদ্ধতি বর্ণনা করো।

২- একজন মুসলিমের ওপর দিনে কত ওয়াক্ত সালাত ফরজ? কী কী?

৩- এশার সালাত মোট কত রাকাত ও কী কী?

৪- তাশাহহুদ ও দরূদ শরীফ মুখস্ত বল।

৫- সালাতের পদ্ধতিগুলো বর্ণনা করো।

## খ। সঠিক উত্তর নির্ণয় করো:

১- আমরা ওজুর শুরুতে কী বলব?

(ক) اَلْحَمْدُ للهِ (খ) أَعُوْذُ بِاللهِ (গ) بِسْمِ اللهِ

২- কতবার পূর্ণ মাথা মাসাহ্ করব?

(ক) ৩ বার (খ) ১ বার (গ) ২ বার।

৩- সালাতে আমরা কাকে স্মরণ করি?

(ক) আল্লাহকে (খ) ফেরেশতাকে (গ) নবীকে।

৪- রাসূল (সা.) কত বছরের বাচ্চাদের সালাতের নির্দেশ দিয়েছেন?

(ক) ৫ বছরের (খ) ৭ বছরের (গ) ৯ বছরের।

৫- যোহরের সালাতের মোট রাকাত সংখ্যা কত?

(ক) ১০ রাকাত (খ) ৪ রাকাত (গ) ১২ রাকাত।

AL QURANER VASHA INSTITUTE Short PDF

# ৪. হিফজুল কুরআন

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

# ৪.১- হিফজুল কুরআন

[سُوْرَةُ الْفَاتِحَةِ]

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

الْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ (١) الرَّحْمٰنِ الرَّحِيْمِ (٢) مٰلِكِ يَوْمِ الدِّيْنِ (٣) إِيَّاكَ نَعْبُدُ
وَإِيَّاكَ نَسْتَعِيْنُ (٤) اهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ (٥) صِرَاطَ الَّذِيْنَ أَنْعَمْتَ عَلَيْهِمْ
غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّيْنَ (٦

শুরু করছি আল্লাহর নামে যিনি পরম করুণাময়, অতি দয়ালু।

১। সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি জগতসমূহের প্রতিপালক ২। যিনি পরম করুণাময় অতি দয়ালু ৩। যিনি বিচার দিনের মালিক ৪। আমরা তোমারই ইবাদত করি এবং তোমারই সাহায্য চাই ৫। আমাদেরকে সরল পথ দেখাও ৬। সে সমস্ত লোকের পথ, যাদেরকে তুমি নিয়ামত দান করেছ। তাদের পথ নয়, যাদের প্রতি তোমার গজব নাযিল হয়েছে এবং যারা পথভ্রষ্ট হয়েছে।

[سُوْرَةُ النَّاسِ]

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ أَعُوْذُ بِرَبِّ النَّاسِ (١) مَلِكِ النَّاسِ (٢) إِلٰهِ النَّاسِ (٣) مِنْ شَرِّ الْوَسْوَاسِ
الْخَنَّاسِ (٤) الَّذِي يُوَسْوِسُ فِي صُدُوْرِ النَّاسِ (٥) مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ (٦

১। বল, আমি আশ্রয় চাই মানুষের প্রভুর ২। মানুষের অধিপতির ৩। মানুষের মা'বূদের ৪। আত্মগোপনকারী কুমন্ত্রণাদাতার অনিষ্ট থেকে ৫। যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে ৬। জ্বিনের মধ্য থেকে অথবা মানুষের মধ্য থেকে।

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

# ৪.২- কুরআনুল কারীমের উপদেশ



١- قُوْلُوا قَوْلًا سَدِيْدًا

তোমরা (সর্বদা) সঠিক কথা বলো।



٢- وَآتِ ذَا الْقُرْبَى حَقَّهُ

আর আত্মীয়-স্বজনের হক আদায় করো।



٣- لَعْنَةُ اللهِ عَلَى الظّٰلِمِيْنَ

অত্যাচারীদের উপর আল্লাহর অভিশাপ।

AL QURANER VASHA INSTITUTE
Shop PDF

# অনুশীলনী-৪

ক। সূরা ফাতিহা অর্থসহ মুখস্ত বল।

খ। সূরা কাউসার অর্থসহ মুখস্ত বল।

গ। আয়াতগুলোর অনুবাদ করো:

١- وَآتِ ذَا الْقُرْبَى حَقَّهُ

٢- إِنَّ اللّٰهَ مَعَ الصَّابِرِيْنَ

٣- لَا تَحْزَنْ إِنَّ اللّٰهَ مَعَنَا

٤- الصُّلْحُ خَيْرٌ

٥- أَقِيْمُوا الصَّلَاةَ

ঘ। শূন্যস্থান পূরণ করো:

١- قُوْلُوا ............ سَدِيْدًا

٢- ............ عَلَى اللّٰهِ

٣- لَعْنَةُ ..................... الظّٰلِمِيْنَ

٤- ................. بِالصَّبْرِ وَالصَّلَاةِ

٥- إِنَّمَا ............... إِخْوَةٌ

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

# ৫. হিফজুল হাদিস

AL QURANER VASHA INSTITUTE
Short PDF



١- قَالَ الرَّسُوْلُ ﷺ: إِنَّمَا الأَعْمَالُ بِالنِّيَّاتِ

রাসূল ﷺ বলেছেন: প্রত্যেক কাজ নিয়তের উপর নির্ভরশীল।



٢- قَالَ الرَّسُولُ ﷺ: الطُّهُورُ شَطْرُ الْإِيْمَانِ

রাসূল ﷺ বলেছেন: পবিত্রতা ঈমানের অংশ।



أَسْتَغْفِرُ اللهَ الْعَظِيْمَ

٣- قَالَ الرَّسُولُ ﷺ: الدُّعَاءُ هُوَ العِبَادَةُ

রাসূল ﷺ বলেছেন: দু'আ করা একটি ইবাদাত।

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

# ৬. ইসলামী ইতিহাস

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

আল্লাহ তায়ালা যুগে যুগে অসংখ্য নবী ও রাসূল দুনিয়াতে পাঠিয়েছেন, তাঁদের মধ্য থেকে কুরআন মাজিদে ২৫ জনের নাম উল্লেখ রয়েছে।




AL QURAN VASHIA INSTITUTE Short PDF

## ৬.২- নূহ আলাইহিস সালাম



আদাম আলাইহিস সালাম-এর পর বহু বছর কেটে গেল। আদাম (আ.) এর সন্তানরা ছড়িয়ে পড়ল সারা পৃথিবীতে। ধীরে ধীরে তাদের অনেকে আল্লাহকে ভুলে গেল। আল্লাহর অপছন্দনীয় কাজ করতে শুরু করল। এমনকি মূর্তিপূজা করতে লাগল!

আল্লাহ তাদের সংশোধন করার জন্য রাসূল পাঠালেন। তাঁর নাম নূহ। নূহ (আ.) তাদেরকে বললেন: তোমরা এক আল্লাহর ইবাদত করো। শুধু আল্লাহকেই ভয় করো। তাহলে আল্লাহ দুনিয়াতে তোমাদের ওপর দয়া করবেন, তোমাদের প্রয়োজন পূরণ করবেন। আর মৃত্যুর পর তোমরা পুরস্কার হিসেবে জান্নাত পাবে। তা না হলে আল্লাহ তোমাদের কঠোর শাস্তি দেবেন।

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

## ৬.১- ইদরীস আলাইহিস সালাম




ইদরীস (আ.) আল্লাহর প্রেরিত একজন নবী। তিনি নূহ (আ.)-এর ইন্তেকালের অনেক বছর পরে ইরাকের প্রাচীন নগরী বাবিল শহরে তিনি জন্মগ্রহণ করেন। আদাম (আ.)-এর পর তিনিই প্রথম নবী ও রাসূল, যাঁর প্রতি আল্লাহ ৩০টি সহিফা (ছোট কিতাব) নাযিল করেছেন। ইদরীস (আ.)-এর মূল নাম 'আখনুখ'। ইদরীস তাঁর উপাধি। ইদরীস অর্থ: শিক্ষা-শিক্ষকতায় ব্যস্ত ব্যক্তি। যেহেতু তিনি বহুবিদ্যায় পারদর্শী ছিলেন, তাই তাঁকে ইদরীস বা বিদ্যাবিশারদ বলা হয়। ইদরীস (আ.) মানুষকে এক আল্লাহ ও সত্য ধর্মের প্রতি আহ্বান করতেন। আল্লাহ তাআলা বলেন- "এই কিতাবে (উল্লিখিত) ইদরীসের কথা আপনি স্মরণ করুন, তিনি সত্যবাদী নবী ছিলেন। আমি তাঁকে সুউচ্চ আসনে সমাসীন করেছিলাম।" (সূরা মারইয়াম, আয়াত: ৫৬-৫৭)

AL QURANER VASHA INSTITUTE
Short PDF



আল্লাহ এই উটনীর জন্য এবং লোকদের জন্য পানি বণ্টন করে দিয়েছিলেন। একদিন উটনীর ও পরের দিন তোমাদের পানি পানের জন্য পালা নির্ধারিত হয়েছে  কিন্তু উটনী যেদিন পানি পান করত, সেদিন কুয়ার পানি শেষ করে ফেলত। কিন্তু তারা এক দিন পানি না পাওয়াকে অসুবিধার কারণ হিসাবে গণ্য করল। ফলে তারা উটনীকে মেরে ফেলতে মনস্থ করল। তাদের নেতারা দুজন পথভ্রষ্ট যুবককে উটনী হত্যায় রাজি করালো। অতঃপর তারা তীর ও তরবারির আঘাতে উটনীর পা কেটে হত্যা করে ফেলল।

যাইহোক নির্ধারিত দিনে গযব নাযিল হওয়ার আগেই আল্লাহর হুকুমে হযরত সালীহ (আ.) তাঁর ঈমানদার সাথীগণকে নিয়ে এলাকা ত্যাগ করেন।

উটনী হত্যার ঘটনার পর সালীহ (আ.) তাঁর কওমকে আল্লাহর নির্দেশ জানিয়ে দিলেন যে, এখন থেকে তিন দিন পরে তোমাদের ওপর আল্লাহর আযাব নেমে আসবে।

AL QURANER VASHA INSTITUTE
Short PDF

# অনুশীলনী-৬

## ক। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

১- আদাম (আলাইহিস সালাম)-এর ঘটনার বর্ণনা দাও।

২- নূহ (আলাইহিস সালাম)-এর ঘটনার বর্ণনা দাও।

৩- ইদরীস (আলাইহিস সালাম)-এর মুজিযা কী ছিল?

৪- আদ জাতির উপর যে গজব এসেছে তার বর্ণনা দাও।

৫- সালীহ (আলাইহিস সালাম)-এর ঘটনাটির বর্ণনা দাও।

## খ। সঠিক উত্তর নির্ণয় করো:

১- আদাম (আ.) কীসের তৈরি?

(ক) মাটির তৈরি (খ) আগুনের তৈরি (গ) আলোর তৈরি।

২- নূহ (আ.) কত বছর মানুষকে আল্লাহর পথে আসার জন্য ডেকেছিলেন?

(ক) ৯৭০ বছর (খ) ৯৫০ বছর (গ) ৫৭০ বছর।

৩- ইদরীস (আ.) কোন শহরে জন্মগ্রহণ করেন?

(ক) বাবিল শহরে (খ) মক্কা শহরে (গ) হাবাশা শহরে।

৪- ছামূদ জাতির কোন শ্রেণির লোকেরা সালীহ (আ.) এর ওপরে ঈমান আনে?

(ক) শক্তিশালী শ্রেণির (খ) দুর্বল শ্রেণির (গ) উভয় শ্রেণির।

৫- হূদ (আ.) কোন জাতির প্রতি প্রেরিত হয়েছিলেন?

(ক) আদ (খ) ছামূদ (গ) উভয় জাতির প্রতি।

AL QURANER VASHA INSTITUTE
Short PDF